গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

## জানুয়ারি ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খান মোঃ নুরুল আমিন<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ০৩-০১-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | সকাল - ১০.৩০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ' । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম কর্তৃক পর্যায়ক্রমে আলোচ্যসূচি উপস্থাপিত হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত এনজিও কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দকে স্ব -স্ব সংস্থার কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। সংস্থা ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ । |
| আলোচনা | : | উপস্থাপিত ডিসেম্বর ২০১৬ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। |
| আলোচ্যসূচি-২ | : | জীবিকার কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | জীবিকা কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, চর জীবিকায়ন কর্মসূচি প্রকল্পে ডিসেম্বর ২০১৬ মাসে নারী কৃষকদের ৪ টি মাসিক সভা অনুষ্ঠিত হয়। মোট অংশগ্রহণকারীর সংখ্যা ৬০ জন। ডিসেম্বর ২০১৬ মাসে ঘোগাদহ, যাত্রাপুর, বেগমগঞ্জ ইউনিয়নের ২০০ জনকে ২০০টি কম্বল বিতরণ করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৩ | : | আরডিআরএস বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থা কর্তৃক পরিচালিত কমিউনিটি হেলথ্ প্রোগ্রামে মা ও শিশু স্বাস্থ্য, যক্ষা-কুষ্ঠ এবং আই কেয়ার প্রজেক্ট এর কার্যক্রম যথারীতি চলছে। এছাড়া স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সরকারি ও বেসরকারি (NGO) স্কুলে বিস্কুট বিতরণ করা হয়। সম্প্রতি WFP ফান্ডে পরিচালিত NGO স্কুলে বিস্কুট বিতরণ কর্মসূচি বন্ধ হয়েছে। কিন্তু সরকারি প্রাইমারি স্কুলে বিস্কুট বিতরণ অব্যাবহত আছে। সভায় জেলা প্রশাসনের নিকট NGO পরিচালিত স্কুলে বিস্কুট বিতরণ কর্মসূচি যেন অব্যাহত থাকে সে বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। |
| আলোচ্যসূচি-৪ | : | সলিডারিটি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর উপজেলার ENRICH প্রকল্প , রাজারহাট, নাগেশ্বরী, রৌমারী, রাজিবপুর উপজেলায় WASH IN SCHOOL প্রকল্প, রৌমারী ও রাজিবপুর উপজেলায় SFSCP চলমান রয়েছে। এ ছাড়াও তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৫ | : | কেয়ার এর কার্যক্রম সম্পর্কে আলোচনা |
| আলোচনা | : | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান,তার সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৬ | : | মুসলিম এইড এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ডিসেম্বর ২০১৬ মাসে তাদের সংস্থা ৪টি প্রকল্প নাগেশ্বরী উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্প সমুহের মধ্যে (১) ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৬০ জন সদস্যকে ১১,৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সার্ভিস চার্জ হার ২০% এবং ৪ জন ঋণ উদ্যোক্তাকে ২,৯০,০০০/- টাকা বিনিয়োগ প্রদান করা হয়েছে । মুনাফার হার ২৫% হ্রাস ক্রমানুসারে। উভয়ের আদায়ের হার ৯৮%। (২) স্যানিটেশন কার্যক্রমের আওতায় মোটিভেশন প্রোগ্রামের মাধ্যমে ১টি পরিবারে ১টি টিউবয়েল এবং ২টি পরিবারে ২টি লেট্রিন স্থাপন করা হয়েছে। (৩) দারিদ্র বিমোচন কার্যক্রমের আওতায় ০% সার্ভিস চার্জে ০১ জন হতদরিদ্রকে ১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। (৪) শিক্ষা কার্যক্রম এর আওতায় Rainbow family project এর মাধ্যমে ৩জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীর প্রত্যেককে ১,৯৩০/- টাকা করে মোট ৫,৭৯০/- টাকা প্রদান করা হয়েছে । |

চলমান-২

আলোচ্যসূচি- ৭ : <u>ব্যুরো বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম এর এরিয়া ব্যবস্থাপক সভায় অবহিত করেন যে, তার সংস্থা কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/ রাজারহাট/ উলিপুর/ চিলমারী /নাগেশ্বরী শাখা'র মাধ্যমে ১১,৮৪২ জন উপকারভোগীর মাঝে ডিসেম্বর ২০১৬ মাসে ৩,০৪,৯২,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করেছে। এছাড়া সংস্থার গৃহিত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। তার সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৮ : <u>টিএমএসএস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জোন নিয়ন্ত্রিত PRIME কর্মসূচির আওতায় ১২ টি শাখায় স্বাস্থ্য সেবা ও শিক্ষা কর্মসূচি চালু রয়েছে। প্রতিটি শাখায় ১ জন করে প্যারামেডিকস স্টাফ ও ২জন করে CHP এর মাধ্যমে মানুষের স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। প্রাইম প্রকল্পের আওতাধীন ১২ টি শাখার মাধ্যমে ১২ জন ডিপ্লোমাধারী ও প্রশিক্ষণ প্রাপ্ত অভিজ্ঞ পিওটি দ্বারা সদস্যদের বাড়ী বাড়ী গিয়ে তাদের গবাদী পশুর স্বাস্থ্যসেবাসহ নানা ধরনের গবাদী পশুর স্বাস্থ্যগত দিক সম্পর্কে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হয়। কৃষি পণ্য উৎপাদন, প্রসেসিং, গরু মোটা তাজাকরণ, পোল্ট্রি হ্যাচারী, কারচুপি, বাঁশ বেতের কাজ, কেঁচো সার, মোবাইল সার্ভিসিং ও সেলাই ইত্যাদি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য পিকেএসএফ এর সহায়তায় PRIME ও MFMSF প্রকল্পের অধীনে সদস্যদেরকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেছে। টিএমএসএস কুড়িগ্রাম জোন কর্তৃক পরিচালিত ২০ টি শাখায় মোট ৮ ধরণের ঋণ কর্মসূচি পরিচালনা করছে। সচেতনতা বৃদ্ধিমূলক কমসূচির আওতায় সংস্থা প্রদত্ত উৎপাদন ও উন্নয়ন নামক বহির বিভিন্ন বিষয়ে প্রতি সপ্তাহে সদস্যাদের মাঝে আলোচনা করা হয়। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৯ : <u>কেডিএবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : কেডিএবি'র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কেডিএবি, চিলমারী এর আওতায় উপজেলায় ১ টি প্রাথমিক ও ১ টি মাধ্যমিক বিদ্যালয় দেশি বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। কুষ্ঠরোগী পরিবারের অবহেলিত সন্তানদের মাঝে স্টাইপেন্ড প্রদান করা হচ্ছে এবং কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদের গার্মেন্টস প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০ টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সংস্থার মেডিকেল বিভাগ কর্তৃক সর্বসাধারণের মাঝে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১০ : <u>বকুলতলী মহিলা সংসদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : বকুলতলী মহিলা সংসদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১১ : <u>কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন (কেনা) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : ফিল্ড কোঅর্ডিনেটর, কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন (কেনা) কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার থেতরাই, হাতিয়া, গুনাইগাছ ও বজরা ইউনিয়নে কার্যক্রম পরিচালনা করছে এবং সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১২ : <u>কিরারা নোকাই এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : ম্যানেজার, কিরারা নো কাই, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম এর আওতায় গরীব ছাত্র-ছাত্রী লেখাপড়া করার সুযোগ পাচ্ছে। কুড়িগ্রাম সদর উপজেলার ভোগডাঙ্গা ইউনিয়নের মাধবরাম গ্রামে নিজস্ব জমিতে একটি মা ও শিশু হাসপাতাল নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৩ : <u>এসো দেশ গড়ি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : প্রজেক্ট ম্যানেজার,এসো দেশ গড়ি ,উলিপুর, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৪ : <u>সিডিডিএফ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ডিসেম্বর ২০১৬ মাসে কিশোরী ক্লাব এর মাসিক সভা এবং কিশোরী ক্লাব এর সদস্যবৃন্দ ও তাদের অভিভাবকদের সাথে তথ্য অধিকার বিষয়ক গত ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া তাদের সংস্থার কার্যক্রম কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৫ : <u>টেরে ডেস্ হোমস্ ইতালী এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।</u>

আলোচনা : প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলাতে ১ টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১ টি মোট ২ টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২৩ জন ছেলে এবং ৩৭১ জন মেয়ে মোট ৬৯৪ জনকে শিক্ষা সহায়তা যেমন- বই,সাদা কাগজ,রেজিস্টার, কলম, সকল ধরনের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

চলমান-৩

আলোচ্যসূচি-১৬ : টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্ প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৭ : গ্রাম উন্নয়ন কেন্দ্র, চিলমারী,কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : গ্রাম উন্নয়ন কেন্দ্র, চিলমারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৮ : শিশু পল্লী প্লাস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : শিশু পল্লী প্লাস, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী, রাজারহাট ও ভূরুঙ্গামারী উপজেলায় তাদের সংস্থা আবেদনকৃত মায়েদের বাড়ি পরিদর্শন, তাদের শিশু পল্লী প্লাস যেতে সহায়তা করা, মায়েদের সাথে সভা করা, তাদের ছেলে মেয়েদের শিক্ষা সহায়তা প্রদান করা হয়। বিভিন্ন সরকারি বেসরকারি সেবা সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত আছে। সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৯ : উদ্দীপন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : উদ্দীপন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, উদ্দীপন বর্তমানে কুড়িগ্রামে ১টি জেলা অফিস ও ১১টি শাখা অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে। ১ জন পল্লী প্যারামেডিক ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর স্বাস্থ্য সেবা কাজ করছে। এমবিবিএস ডাক্তারদের তত্বাবধানে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১০ টাকা সেবামূল্য নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হয়। প্রাইম কর্মসূচির আওতায় সদস্যদের হাস-মুরগী পালন, গরু মোটা তাজাকরণ, সবজী চাষ, কারচুপি, বাঁশ ও বেত, কেঁচো সার তৈরী, ম্যাট তৈরীসহ প্রভৃতি বিষয়ের উপর ৫ জন পিএ টেক ও ১ জন আইজিএ অফিসারের মাধ্যমে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৫ জন পিএ টেক ও ১ জন আইজিএ অফিসার ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর এর মাধ্যমে উঠান বৈঠক করে সদস্যদের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এ পর্যন্ত ১০০ টি উপকারভোগী পরিবারকে টিউবওয়েলের গোড়া পাকাকরণ এবং জলাবদ্ধ পায়খানা তৈরিতে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২০ : সচেতন নাগরিক কমিটি (সনাক) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, গত ০৪ ডিসেম্বর ২০১৬ সনাকের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ০৮ ডিসেম্বর ২০১৬ র‌্যালী ও আলোচনার সভার মাধ্যমে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন করা হয়েছে। এদিন জলবায়ু পরিবর্তনের মানবন্ধন নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২১ : ফ্রেন্ডশীপ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রাম এর জেলা সমন্বয়কারী সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৫৪২৯ জন সুবিধাবঞ্চিতশিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। চরাঞ্চলের ০-১৮ মাস বয়সী সকল শিশুরা ইপিআই কার্যক্রমের আওতায় এসেছে। ১২০ টি ইপিআই সেশনে ১৪৪৮ শিশু ও ৯৪৩৮ জন নারী (৩১২ গর্ভবতী) কে সেবা প্রদান করা হয়েছে। ৫০ জন দক্ষ **mHealth**(মোবাইল হেলথ্) **FCMS** এর মাধ্যমে দুর্গম এলাকার রোগীরাও আধুনিক প্রযুক্তির সেবা ও চিকিৎসা পাচ্ছেন। ভাসমান হাসপাতালের মাধ্যমে সন্যাসীর চরে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। ০১ টি চক্ষু শিবির পরিচালনা করা হয়েছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২২ : আফাদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : নির্বাহী প্রধান, আফাদ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সিডিডি এর অর্থায়নে শ্রবন ও দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫ টি ইউনিয়নে ৪ জনকে থেরাপী সেবা এবং **Strengthening Capacity and Networking of NSAs and LAs on Disability (SCANED)** প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। মা ও শিশুমৃত্যু হার হ্রাসকরণ প্রকল্পের আওতায় উবীনীগ এর অর্থায়নে উলিপুর উপজেলায় ৮০ জন গর্ভবতী মাকে পরামর্শ প্রদান করা হয়েছে। ইউএসসিসিবি, কানাডা'র অর্থায়নে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে এআরসি প্রোগ্রামের আওতায় কিশোরীদের নিয়মিত শিক্ষাদান কর্মসূচি, আয়বৃদ্ধিমূলক কর্মসূচি এবং সচেতনতা বৃদ্ধিমূলক নিয়মিত সেশন করা হয়ে থাকে। আফাদ এর গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৩ : ব্র্যাক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : জেলা ব্র্যাক প্রতিনিধি কুড়িগ্রাম, সভায় অবহিত করেন যে, মা ও শিশু পরিচর্চা কর্মসূচী, শিক্ষা কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি, কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচি ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় ডিসেম্বর ২০১৬ মাসে ৫৪৭৬ জনকে ১১,৩০,৯৫.০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় জমি তৈরি, সার ও বীজ ক্রয় এবং সেচ ও কীটনাশক এবং ফসল সংগ্রহ বাবদ অত্র জেলায় প্রান্তিক চাষীর মাঝে অনুদান প্রদান করেছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৪ : আশা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ০৯ টি উপজেলার ৪৬ টি ব্রাঞ্চের মাধ্যমে কর্মকান্ড পরিচালিত হয়। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা সহায়তা প্রদান করা হয় এবং গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী/ আশার সদস্যদের সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ একই পরিবারের একাধিক শিক্ষার্থী থাকলে সর্ব্বোর্চ্চ ১০০% বিনা খরচে আশা ইউনিভার্সিটিতে লেখাপড়া করার সুযোগ দেয়া হয়ে থাকে। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা বাবদ প্রতি বছর ৬ লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরন কর্মসূচির অংশ হিসেবে কুড়িগ্রাম সদর উপজেলার কাঠালবাড়ী ইউনিয়ন ও পাঁচগাছি ইউনিয়ন, উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও বজরা ইউনিয়নে , ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী ইউনিয়নে, নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়নে এবং ভুরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়নের ১৬৫টি গ্রামে ১৬৫ টি শিক্ষা কেন্দ্রে ৫২৮০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও সংস্থার গৃহিত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৫ : অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা রাজারহাট উপজেলায় ভিজিডি কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচি মোতাবেক রাজারহাট উপজেলার ৭ টি ইউনিয়নে ভিজিডি উপকারভোগী ২৬৪৮ জনের ডিসেম্বর মাস পর্যন্ত নগদ সঞ্চয় ২০,১১,৭১২/- টাকা এবং উক্ত টাকা ব্যাংকে জমা প্রদান করা হয়েছে। ডিসেম্বর ২০১৬ মাসে রাজারহাট উপজেলার প্রতিটি ইউনিয়নের প্রত্যেক সুবিধাভোগীদের মাঝে ' ক্ষুদ্র ব্যবসা ব্যবস্থাপনা" বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৬ : মেরী স্টোপস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক,কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপেনডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে ডিসেম্বর ২০১৬ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৭ : ছিন্নমুকুল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : নির্বাহী প্রধান, ছিন্নমুকুল, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর আওতায় কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় অধিকার বঞ্চিত হতদরিদ্র ও নদী তীরবর্তী জনগোষ্ঠির আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, স্বাস্থ্য, শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রমে ডিসেম্বর ২০১৬ মাসে ৪ ব্যাচে ১০০ জনকে আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ, সচেতনতা মিটিং ২৬২ টি দলে এবং কৃষি বিষয়ক সহায়তা ১৮ টি দলে প্রদান করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৮ : কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা ডিসেম্বর ২০১৬ মাসে শিশু ৭০ জন, মহিলা ১১০ জন, গর্ভবতী মা ১৫ জন অন্যান্য ১২০ জনসহ মোট ৩১৫ জনকে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। মাতৃত্বকালে ভাতাভোগীদের মধ্যে গণসচেতনতামূলক প্রশিক্ষণ ও উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করা হয়। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য স্বেচ্ছাসেবী কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৯ : সিড়ি সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : এরিয়া ম্যানেজার, সিড়ি, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩০ : উদয় এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : সিনিয়র শাখা ব্যবস্থাপক, উদয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তঁর সংস্থা কুড়িগ্রাম জেলার উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় ০৩(তিন) টি শাখা বিদ্যমান। বিগত ২০১৩-২০১৪ ভিজিটিতে জীবন মান উন্নয়ন ও আয়বৃদ্ধিমূলক কর্মসূচি পরিচালনা করেছে। বর্তমানে সরকারি কোন প্রজেক্ট না থাকায় মাইক্রোক্রেডিট রেগুলারেটি অথরিটির অনুমোদনে স্বল্প পরিসরে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে।

আলোচ্যসূচি-৩১ : কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : কাশেম ফাউন্ডেশন,উলিপুর, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩ টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর কুড়িগ্রামে ডিসেম্বর ২০১৬ মাসে ৯২৮১ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ৯৪৯ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/দরিদ্র/নিম্ন মধ্যবিত্ত ৯১৪ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। ৯৪ জনের মাঝে ফ্রি চশমা বিতরণ করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার ডিসেম্বর ২০১৬ মাসে কুড়িগ্রাম জেলায় ৫৯ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ১৬ জন গর্ভবতী মায়ের টিটি টিকা এবং ১৯৯ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩২ : ঠিকানা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : পরিচালক (কর্মসূচি ও মানব সম্পদ), ঠিকানা সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৩৩ : প্রশিকা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : এলাকা সমন্বয়কারী, প্রশিকা, উলিপুর, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে,তার সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৩৪ : সানু মেমোরিয়াল সোসাইটি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : নির্বাহী প্রধান সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা শিশুদের জন্য কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলায় ১ টি বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা এবং কুড়িগ্রাম সদর, ফুলবাড়ী ও নাগেশ্বরী উপজেলায় ৩টি সহ মোট ৪ টি বিদ্যালয়ে ২৭০ জন শিশুর প্রাথমিক শিক্ষা ও প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এ ছাড়াও সংস্থা গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৩৫ : সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষে ২০১৫-১৬ চক্রের জন্য উলিপুর উপজেলার ১৩ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি ও প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মোট ২৭, ৫৬,০৩৮/- টাকা সঞ্চয় আদায় করা হয়েছে এবং উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, উলিপুর শাখার হিসাব নং-১০০১৪৭৯০২ এ জমা প্রদান করা হয়েছে। এছাড়াও জেলা পরিষদের অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিতরণকৃত ৯ টি হুইল চেয়ার ও ৬ টি রিক্সা গ্রহণকারী উপকারভোগী প্রতিবন্ধীদের কার্যক্রম সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।

আলোচ্যসূচি- ৩৬ : এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : কমিউনিটি মোবিলাইজার, এসিডি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম পৌরসভা ও রাজারহাট উপজেলা এলাকায় Strengthening Tobacco Control in Rajshahi & Rangpur Division প্রকল্প এর আওতায় ডিসেম্বর ২০১৬ মাসে পাবলিক প্লেস ও পরিবহনে শতভাগ ধূমপানমুক্ত নিশ্চিত করণের লক্ষ্যে রোভার স্কাউটদের নিয়ে র‌্যালী ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ ছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৩৭ : তৃণমূল নারী ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : সভানেত্রী, তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৩৮ : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২ টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে। ডিসেম্বর ২০১৬ মাসে উলিপুর ও নাগেশ্বরী উপজেলায় মোট ৫৩৭ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৩৯ : সিসিডিবি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : সিসিডিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ঝড়েপড়া ও বিদ্যালয় বহির্ভূত শিশুদের নিয়ে ৪৪ টি শিশু শিখন কেন্দ্রে ৬০৯ জন ছেলে ও ৬২২ জন মেয়ে মোট ১২৩১ জন শিক্ষার্থী অধ্যায়নরত আছে। পাঁচ বছর বয়সী শিশুদের নিয়ে প্রি-স্কুলে ১২টি কেন্দ্র পরিচালিত হয়। প্রি-স্কুলে অধ্যায়নরত শিক্ষার্থীর মধ্যে ছেলে ১৫৯ জন এবং মেয়ে ১৭৬ জন মোট ৩৩৫ জন। প্রাইমারী স্কুলে তুলনামূলক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিয়ে ৮ টি ক্যাম্প কার্যক্রম পরিচালিত হয়েছিল যেখানে অধ্যায়নরত শিক্ষার্থী ছিল ছেলে ১০৩ জন এবং মেয়ে ৯৭ জন মোট ২০০ জন। শিক্ষা আন্দোলন জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদে শিক্ষা কমিটির সাথে মিটিং করা সহ বিভিন্ন মিটিং ওরিয়েন্টশন পরিচালনা করা হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪০ : গণউন্নয়ন কেন্দ্র এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৪১ : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা।

আলোচনা : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এমপাওয়ারিং লোকাল এন্ড ন্যাশনাল হিউম্যানিটি এক্টরস প্রকল্পটি কুড়িগ্রাম জেলা ও রাজিবপুর উপজেলা ৩টি ইউনিয়নে বাস্তবায়িত হয়ে আসছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪২ : মানব কল্যান সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : মানব কল্যান সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থার গৃহীত কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪৩ : সুশীলন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : সুশীলন কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান, ডিসেম্বর ২০১৬ মাসে নারী প্রকল্পের মাধ্যমে ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামাড়ী ও রাজারহাট উপজেলার ২৭টি ইউনিয়নে ২০টি অবহিতকণ সভা ১২৩টি উঠোন বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি -৪৪ : ইসলামিক রিলিফ বাংলাদেশ, উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, **Alternative Orphan Family Sponsorships programme through Sustainable livelihoods (ALO-IRUK)** প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার উলিপুর উপজেলার বুড়াবুড়ী, দুর্গাপুর, পান্ডুল, হাতিয়া, দলদলিয়া ও ধরনীবাড়ী ইউনিয়নের প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৭৫০ টি পরিবারকে নানা ধরণের সচেতনতামূলক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। ৭৫০ টি হতদরিদ্র অসহায় পরিবার নিজেদের ব্যবস্থাপনায় এ পর্যন্ত প্রায় ১১,৭৫,০০০/- টাকা সঞ্চয় জমা করেছে। ৫২ টি স্বাবলম্বন দলের সাপ্তাহিক সভায় বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম রোধ, যৌতুক প্রতিরোধ ইত্যাদি বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। উল্লিখিত কাজের পাশাপাশি সংস্থার অন্যান্য কার্যক্রমও যথারীতি চলছে।

চলমান-৬

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি- ৪৫ | : | চেতনা বুড়াবুড়ি দুর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা,উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | চেতনা বুড়াবুড়ি দুর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থার গৃহীত কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ৪৬ | : | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | প্রকল্প ব্যবস্থাপক, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা কর্তৃক ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয় । ৯৩ টি উপকারভোগী পরিবারকে ৬০০ টাকা হিসেবে মোট ৫৫,৮০০/- টাকা কাস্টমাইজড স্টাইপেন্ড প্রদান করা হয়েছে। স্বাস্থ্যসম্মত পায়খানা ও নিরাপদ পানি বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও কমিউনিটি পর্যায়ে ৪৫ টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ৪৭ | : | গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। ডিসেম্বর ২০১৬ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ৪ (চার) জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ৩৫ (পয়ত্রিশ) জন এবং ১ টি প্রচারনা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠিকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ৪৮ | : | ঐকুমেনী ডেভলপমেন্ট ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | ঐকুমেনী ডেভলেপমেন্ট ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলায় কমিউনিটি বেইজড হেলথ্ এন্ড নিউট্রিশন সার্ভিসেস প্রোগ্রাম (সিবিএইচএনএসপি) ও সহযোগিতামূলক ঋণ ও সঞ্চয় কর্মসূচি (এফসিপি) বাস্তবায়ন করছে। সিবিএইচএনএসপি প্রকল্পে ডিসেম্বর ২০১৬ মাসে ১২৮৬ জন উপকারভোগীর প্রাথমিক স্বাস্থ্যসেবা, ৫৯৭ জন গর্ভবতী মায়ের চেক আপ ও বাল্য বিবাহ নিরসনে ২০০ টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ৪৯ | : | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি- ৫০ | : | প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| | | প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার ডিসেম্বর ২০১৬ মাসে ৮টি ইউনিয়নে বালু চরে মিষ্টি কুমড়া চাষের উপর ২১০১ জনকে প্রশিক্ষণ ও উপকরণ সহায়তা প্রদান করা হয়েছে। এ ছাড়া তাদের সংস্থার গৃহীত কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৫১ | : | ইএসডিও এর কার্যক্রম সম্পর্কে আলোচনা । |
| আলোচনা | : | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৬টি প্রকল্প কুড়িগ্রাম জেলার ৯ টি উপজেলার ৭২ টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার ১০টি ইউনিয়নে পরিবেশ বান্ধব পাটজাত পণ্যের বহুমুখী উৎপাদন এবং বাংলাদেশের স্থায়ীত্বশীল প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়নের আর্থিক সহায়তায় এবং কেয়ার বাংলাদেশের কারিগরি সহযোগিতায় "সুইচ-এশিয়া প্রোমোটিং সাসটেইনেবল কনজাম্পশন অ্যান্ড প্রোডাকশন অব জুট ডাইভার্সিফাইড প্রোডাক্টস প্রজেক্ট",স্বপ্ন প্রকল্প ,ইমারজেন্সি ফ্লাড রেসপন্স (ই এফ আর) প্রকল্প, ই আর প্রকল্প ও ম্যাক্স ওয়াশ প্রকল্প পরিচালনা করে আসছে। ইউএনডিপির আর্থিক সহায়তায় স্ট্রেন্দেনিং ওইমেনস্ এবিলিটি ফর প্রোডাক্টিভ নিউ অপরচুনিটিস (স্বপ্ন) প্রজেক্ট কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলায় ৭২টি ইউনিয়নে মোট ২৫৯২ জন মহিলা উপকারভোগী পরিবারের খাদ্য নিরাপত্তা ও আর্থ-সামাজিক উন্নয়নকল্পে কার্যক্রম প্রজেক্ট বাস্তবায়ন করছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ৫২ | : | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি- ৫৩ | : | সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে ডিসেম্বর ২০১৬ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ৫৪ | : | সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা। |
| আলোচনা | : | এরিয়া ম্যানেজার,এসএসএস, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, অত্র সংস্থার ৬টি শাখার মাধ্যমে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ১৫১৫৬ জন সদস্যের মধ্যে ঋণ স্থিতির পরিমান ২০৮৬.৯০ লক্ষ টাকা। খেলাপী ঋণ স্থিতির পরিমান ১৪১.৪৩ লক্ষ টাকা। সঞ্চয় স্থিতি ৬৮৬.৯৪ টাকা। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে। |

চলমান-৭

আলোচ্যসূচি- ৫৫ : বিবিধ

আলোচনা : ১। সভাপতি প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রামকে আগামী সভায় তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মতিক্রমে অনুরোধ করা হয়। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

২। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত এনজিও পোর্টালে অন্তর্ভূক্ত এনজিওসমূহের একাউন্ট নবায়ন ও সংস্থার তথ্য হালনাগাদ বিষয়ে জানান যে, যে সকল এনজিও/সংস্থা ২০১৫ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদান করে ব্যাংক জমা রশিদের মূলকপি এখনও দাখিল করেনি, যে সকল এনজিও/সংস্থাকে ২০১৫ সালের বকেয়াসহ ২০১৬ সালের জন্য নির্ধারিত বাৎসরিক ফি এর টাকা জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন।

৩। সভাপতি পোর্টালে অন্তর্ভুক্তি সকল এনজিওসমূহকে ২০১৬ সালের জন্য নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা এবং ২০১৫ সালের বকেয়া বাৎসরিক ফি চলতি মাসের মধ্যে জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি জেলা প্রশাসকের কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে অনুরোধ জানান এবং সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৪। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম সকল সংস্থার ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করার জন্য অনুরোধ করেন।

৫। সভাপতি সকল সংস্থাকে তাদের স্বীয় কাযর্ক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং **www.kurigramngos.org.bd** ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের **(www.kurigramngos.org.bd)** নিজ ওয়েব পেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

৬। সভাপতি বলেন এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে Overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সভায় নিয়মিতভাবে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে **up-to-date** তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। উপস্থিত ও অনুপস্থিত তালিকা রাখতে হবে। পর পর দুইবার এনজিও বিষয়ক সভায় অনুপস্থিত থাকলে এনজিও'র নাম কার্যবিবরণী থেকে বাদ দিতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৫ | এনজিও সমূহের কার্যক্রম মনিটরিং এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের **(www.kurigramngos.org.bd)** ব্যয় নির্বাহের নিমিত্ত যে সমস্ত এনজিও এখনও ২০১৫ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা জমা করে জমা প্রদানের রশিদ দাখিল করেনি তারা চলতি মাসের মধ্যে ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করবেন। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | আগামী সভায় প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৮ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ৯ | এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে **OVERELAPPING** না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | বেসরকারি পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে জেলা ও উপজেলা ইনোভেশন টিম এবং জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত হয়ে জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে স্ব স্ব সংস্থার তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ত্রাণ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করে সব এনজিও নিজেদের মধ্যে সমন্বয় সাধন করবেন। বিশেষ করে শীতবস্ত্র বিতরণের সময় যাতে ওভার লেপিং না হয়, সেজন্য সকল এনজিও কর্তৃপক্ষকে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন | এনজিও কর্তৃপক্ষ |

চলমান-৮

সভাপতি উপস্থিত সকল এনজিও/সংস্থার উদ্দেশে বলেন, সংস্থাগুলি জনগণের উন্নয়নে যথেষ্ট শ্রম দিয়ে চলেছে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের এবং এনজিও প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০১/১৭

( খান মোঃ নুরুল আমিন)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৩.১৬ ২৬৪(৭৫)

তারিখঃ ১৩ মাঘ ১৪২৩
২৬ জানুয়ারি ২০১৭

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
০৪। ............................................................
............................................................

২৬/০১/১৭

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় উপস্থিতি

সভার তারিখঃ ০৩/০১/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম | স্বাঃ |
| ২ | জনাব শামীমা সুলতানা, সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, | স্বাঃ |
| ৩ | জনাব জি.এম আতিকুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, কেডিএবি, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪ | জনাব নুরল হাবিব পাভেল, ফিল্ড কো অর্ডিনেটর, কেনা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৫ | জনাব পাপন সরকার, প্রোগ্রাম ম্যানেজার, জীবিকা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৬ | জনাব আমান উল্যা আহমেদ, কর্মসূচি ব্যবস্থাপক, ওডিএফ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৭ | জনাব ইসফাতুল কবির, এম.জে.এস.কে, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৮ | জনাব তৌহিদুল ইসলাম, এসিডি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৯ | জনাব মোঃ আবু বকর, টিএমএসএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১০ | জনাব মোঃ আবু সাঈদ, জেলা প্রতিনিধি, ব্র্যাক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১১ | জনাব মোঃ আব্দুর রহমান মন্ডল, অগ্রযাত্রা স্মাজ উন্নয়ন সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১২ | জনাব আবুল বাসার খান, মনিটরিং অফিসার, সকাল সংস্থা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৩ | জনাব মো কবির হোসেন, ম্যানেজার, শিশু পল্লী প্লাস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৪ | জনাব সৌমেন দাস, টি আইবি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৫ | জনাব শেখ মোঃ আবু বক্কর, প্রোজেক্ট ম্যানেজার, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৬ | জনাব জয়নাল হোসাইন, প্রোগ্রাম ম্যানেজার, কেয়ার বাংলাদেশ। | স্বাঃ |
| ১৭ | জনাব মোঃ শফিকুল ইসলাম খান, কর্মসূচী সমন্বয়কারী, আরডিআরএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৮ | জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, ইনসাফ সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৯ | জনাব মোঃ আব্দুল মতিন, চেতনা বুড়াবুড়ি সমাজ উন্নয়ন সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২০ | জনাব মোঃ হোসেন আলী, সিডিডিএফ, বালাবাড়ী,চিলমারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২১ | জনাব জাহেদুল ইসলাম, ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, সদর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৩ | জনাব আলমগীর সরকার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৪ | জনাব মোঃ মশিউর রহমান, ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৫ | জনাব মোঃ আঃ হামিদ, সুপারভাইজার, মানব কল্যাণ সংস্থা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৬ | জনাব মোঃ আকরাম আলী, এস এস এস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৭ | জনাব মোঃ হাফিজার রহমান,আরএম,আশা, কুড়িগ্রাম। | স্বাঃ |
| ২৮ | জনাব মোঃ মাজহারুল ইসলাম, এলাকা সমন্বয়কারী, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম। | স্বাঃ |
| ২৯ | জনাব গোলাম মেহেদী, জেলা সম্বনয়কারী, ফ্রেন্ডশীপ ,কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩০ | জনাব মোঃ এরশাদুল হক, শাখা ব্যবস্থাপক, উদ্দীপন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩১ | জনাব মোঃ আঃ রউফ, শাখা ব্যবস্থাপক, উদয়, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩২ | জনাব কাওসার আলী রেজা, পরিচালক, গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৩ | জনাব মোঃ দুলাল হোসেন, শাখা ব্যাবস্থাপক, গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৪ | জনাব এস এম হারুন অর রশীদ লাল, নির্বাহী পরিচালক , সলিডারিটি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৫ | জনাব খন্দকার মোস্তাকিম আলম, এজিএম, কাসেম ফাউন্ডেশন, উলিপুর,কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৬ | জনাব মোঃ আবুল হাসান, হিসাব রক্ষক, আফাদ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৭ | জনাব মোঃ রুহুল আমিন, ম্যানেজার, কিরারা-নো-কাই, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৮ | জনাব মোঃ আঃ সিরাজুল ইসলাম, ইউনিয়ন সুপারভাইজার, কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৯ | জনাব মোঃ নজরুল ইসলাম, জেলা প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪০ | জনাব মোঃ জুলফিকার ইসলাম, ইএসডিও, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪১ | জনাব মোঃ আব্দুর রহমান সরকার, নির্বাহী পরিচালক, ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪২ | জনাব এস এম মুতাকাব্বিরুল হক, প্রাকটিক্যাল একশন, বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৩ | জনাব মোঃ মিজানুর রহমান, সুশীলন, নারী প্রকল্প, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৪ | জনাব বিবেকান্দ অধিকারী, জেলা ব্যবস্থাপক, টিডিএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৫ | জনাব মোঃ বাবুল করিম, এরিয়া ম্যানেজার, সিসিডিবি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৬ | জনাব শাহনাজ বেগম নাজু, সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৭ | জনাব মাহমুদা শারমীন, দি গ্লেনকো ফাউন্ডেশন | স্বাঃ |
| ৪৮ | জনাব মোঃ আজিজুল হক, শাখা ব্যবস্থাপক, মুসলিম এইড বাংলাদেশ নাগেশ্বরী, কুড়িগ্রাম | |

পরিশিষ্ট-খ

এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় অনুপস্থিতি

সভার তারিখঃ ৩/০১/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী , কুড়িগ্রাম | |
| ২ | এসো দেশ গড়ি ,উলিপুর ,কুড়িগ্রাম | |
| ৩ | গ্রাম উন্নয়ন কেন্দ্র, চিলমারী, কুড়িগ্রাম | |
| ৪ | সিড়ি, কুড়িগ্রাম | |
| ৫ | ঠিকানা সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ৬ | তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রাম | |
| ৭ | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ৮ | জনকল্যাণ কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ৯ | হাতিয়া উন্নয়ন সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১০ | এইড কুমিল্লা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | |
| ১১ | সফট, কুড়িগ্রাম | |
| ১২ | উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ১৩ | ওভা, কুড়িগ্রাম | |
| ১৪ | বিডিএসসি, কুড়িগ্রাম | |
| ১৫ | স্কীলফুল- সুইসকন্টাক্ট, কুড়িগ্রাম | |
| ১৬ | জেলা সমন্বয়কারী, প্রুফস আইডিই, কুড়িগ্রাম | |
| ১৭ | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র | |
| ১৮ | পিদিম ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম | |